# ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

# Dhaka Customs Agents Association

Head Office : 3/C, New Baily Road, Ramna, Dhaka. Phone : 9337843 (President), 9345942 (Office)
PABX : 8312757, 8317328, Fax : 8314698. E-mail : dcaa.2009@gmail.com, www.cnfdhaka.com


প্রচারপত্র নং- ০৪/২০১৩ তারিখ ঃ ১২/০১/২০১৩ইং

সম্মানীয় সদস্যবৃন্দ,

আস্সালামু আলাইকুম।

এসোসিয়েশনের গত ১০/১২/২০১২ইং তারিখের বার্ষিক সাধারণ সভায় ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশনের আওতাধীন কর্মরত সিএন্ডএফ এজেন্টদের বাধ্যতামূলক সর্বনিম্ম সিএন্ডএফ কমিশন (সার্ভিস চার্জ) এর হার এবং পরিবহণ ও লোডিং/আনলোডিং হার সংক্রান্ত পূর্বে জারীকৃত টেন্ডার নীতিমালার অনুচ্ছেদ-১ (ক, খ, গ) আংশিক সংশোধন করতঃ অপরাপর অনুচ্ছেদ সমূহ অপরিবর্তিত রেখে কার্যকর করার লক্ষ্যে সংশোধিত টেন্ডার নীতিমালা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। উক্ত টেন্ডার নীতিমালা সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে নিম্মে প্রকাশ করা হল। উক্ত টেন্ডার নীতিমালা প্রনয়নের তারিখ থেকে কার্যকর বলে বিবেচিত হবে। উল্লেখ্য, ইতোপূর্বে জারীকৃত টেন্ডার নীতিমালা সংক্রান্ত প্রচারপত্র নং-০৭/২০১২ তাং ২০/০২/২০১২ইং, বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের জন্য প্রযোজ্য প্রচারপত্র নং-২২/২০০১ তাং ১২/০৯/২০০১ইং অনুযায়ী SIP হার, কমিশন হার সংক্রান্ত প্রচারপত্র নং-২৮/২০১১ তাং ২০/০৭/২০১১ইং এবং পরিবহণ ও লোডিং/আনলোডিং হার সংক্রান্ত প্রচারপত্র নং-৪৫/২০০২ তাং ১২/১০/২০০২ইং এই সংশোধিত টেন্ডার নীতিমালা কার্যকর হওয়ার সাথে সাথে বাতিল বলে গণ্য হবে।

**(মোঃ মিজানুর রহমান)**
সাধারণ সম্পাদক

## ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## বাধ্যতামূলক সর্বনিম্ম সিএন্ডএফ কমিশন হার, পরিবহণ ভাড়া ও লেবার বিল সংক্রান্ত টেন্ডার নীতিমালা

**০১। সিএন্ডএফ কমিশন হার (প্রতি কনসাইনমেন্ট অনুযায়ী) ঃ**

**ক) এয়ারপোর্ট/আইসিডি/ইপিজেড সমূহের আমদানীর ক্ষেত্রে (শুল্কায়নযোগ্য মূল্যের উপর) ঃ**

প্রথম ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা এর উপর ঃ ১.০০% (শতকরা এক)

দ্বিতীয় ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা এর উপর ঃ ০.৭৫%(শতকরা শূণ্য দশমিক সাত পাঁচ)

তৃতীয় ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা এর উপর ঃ ০.৫০%(শতকরা শূণ্য দশমিক পাঁচ শূণ্য)

পরবর্তী যে কোন মূল্যের উপর ঃ ০.৩০%(শতকরা শূণ্য দশমিক তিন শূন্য)

| | | |
|---|---|---|
| নূন্যতম সার্ভিস চার্জ ঃ | এয়ারপোর্ট | ২,০০০.০০ (দুই হাজার) টাকা। |
| | আইসিডি | ২,৫০০.০০ (দুই হাজার পাঁচশত) টাকা। |
| | ইপিজেড সমূহ | ১,৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা। |

**খ) রপ্তানীর ক্ষেত্রে ঃ**

এয়ারপোর্ট/আইসিডি/ইপিজেড সমূহ এর সকল চালান মূল্যের উপর নির্বিশেষে ঃ ০.২৫% (শূণ্য দশমিক দুই পাঁচ)

| | | |
|---|---|---|
| নূন্যতম সার্ভিস চার্জ ঃ | এয়ারপোর্ট | ১,৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা। |
| | আইসিডি | ২,৫০০.০০ (দুই হাজার পাঁচশত) টাকা। |
| | ইপিজেড সমূহ | ১,৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা। |

চলমান পাতা-২

বিঃ দ্রঃ

১.১ কাস্টমস্ এ্যাক্ট ১৯৬৯ এর ধারা-২০০ মোতাবেক পণ্য খালাসের জন্য রশিদ মূলে গৃহীত খরচ সহ আনুসাংগিক ব্যয় আমদানীকারক কর্তৃক প্রদান যোগ্য। তাছাড়া বর্ণিত কমিশনের উপর কম্পিউটার জেনারেটেড বিল অব এন্ট্রির মাধ্যমে প্রদানযোগ্য সিএন্ডএফ ভ্যাট ও অগ্রীম আয়করের মধ্যে পার্থক্যজণিত সিএন্ডএফ ভ্যাট ও অগ্রীম আয়কর আলাদা ট্রেজারী চালানের মাধ্যমে মালামাল খালাসের পূর্বে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট নিজ দায়িত্বে জমা দিবেন। এ ব্যাপারে কোন অনিয়ম হলে সিএন্ডএফ এজেন্ট দায়ী থাকবেন। তবে 'টি.আর চালানের মাধ্যমে পার্থক্যজণিত পরিশোধিত সিএন্ডএফ ভ্যাট পরবর্তীতে আমদানীকারক/রপ্তানীকারকের নিকট বিলের মাধ্যমে আদায়যোগ্য।'

২। সরকার ঘোষিত নিয়মানুযায়ী আমদানী/রপ্তানীর ক্ষেত্রে নির্ধারিত সিএন্ডএফ কমিশন/সার্ভিস চার্জের মূসক (যাহা আমদানী/রপ্তানীকারকের পক্ষে বিল অব এন্ট্রির মাধ্যমে সিএন্ডএফ এজেন্ট পরিশোধ করে) আমদানী/রপ্তানীকারক কর্তৃক অবশ্যই পরিশোধযোগ্য হইবে। টেন্ডার সিডিউলে কমিশনের ভ্যাট উল্লেখ করিতে সমস্যা হইলে (Tender Informal হওয়ার সম্ভাবনা থাকিলে) তাহা লেটার হেডে অথবা আলাদা কাগজে সীল সহি সহকারে উল্লেখ করা যাইবে।

৩। (ক) সিএন্ডএফ কমিশনের সাথে ভ্যাট বা অন্য কোন খরচকে যুক্তভাবে দেখাইবার কোন অবকাশ নাই। কারণ কমিশনের উপরই ভ্যাট ধার্য্য করা হয়।

(খ) আমদানী/রপ্তানীকারকের মালামাল খালাস এবং জাহাজীকরণ বিলম্ব পরিহার করিয়া কাজ ত্বরান্বিত করার লক্ষ্যে প্রাথমিক পর্যায়ে সিএন্ডএফ কমিশনের উপর প্রদেয় অগ্রিম আয়কর সংশ্লিষ্ট আমদানী/রপ্তানীকারক ইচ্ছা করিলে প্রদান করিতে পারিবেন। পরবর্তীতে সংশ্লিষ্ট সিএন্ডএফ বিল চুড়ান্ত ভাবে পরিশোধ করার সময় প্রাপ্য সিএন্ডএফ কমিশনের উপর প্রদত্ত প্রকৃত (At Actual) আয়কর সংশ্লিষ্ট আমদানী/রপ্তানীকারক অবশ্যই কাটিয়া নেওয়ার অধিকার সংরক্ষণ করিবেন।

৪। শুল্ক/বন্দর কর্তৃপক্ষ, শিপিং এজেন্ট, ফ্রেইট ফরওয়ার্ডার, সার্ভে, ইনস্যুরেন্স কোম্পানী কর্তৃক রশিদ মুলে গৃহীত প্রকৃত (At Actual) খরচ আমদানী/রপ্তানীকারক কর্তৃক পরিশোধযোগ্য বলিয়া দাখিলকৃত দরপত্রে (প্রয়োজনে) অবশ্যই উল্লেখ করিতে হইবে। কমিশন হইতে এই খরচ কর্তন বা কমিশন এর সহিত এই খরচ যুক্তভাবে দেখানো যাইবে না।

৫। বানিজ্য বাটা বা অনুরূপ কোন সুবিধা প্রদানের নামে এসোসিয়েশনের বাধ্যতামুলক নিম্নতম কমিশন ও ভ্যাট সংক্রান্ত নীতিমালা ভঙ্গ করা যাইবে না।

## ৬। পরিবহন ভাড়া ও লেবার ঃ

| ঢাকা কাষ্টমস্ এজেন্টস্ এসোসিয়েশনের আওতাধীন বিভিন্ন বন্দর সমুহ হইতে পরিবহন ও লোডিং/আনলোডিং হার | | | | | |
|---|---|---|---|---|---|
| ওজন | দুরত্ব | | | | |
| দলিল মোতাবেক ধার্য্যকৃত | ১০০ কিঃমিঃ পর্যন্ত | ২০০ কিঃমিঃ পর্যন্ত | ৩০০ কিঃমিঃ পর্যন্ত | ৪০০ কিঃমিঃ পর্যন্ত | ৪০০ কিঃমিঃ এবং এর উর্ধ্বে |
| ১০০ কেজি পর্যন্ত | ৯০০/- | ১১০০/- | ১৩০০/- | ১৫০০/- | ১৭০০/- |
| ১০০ কেজির অধিক হতে ৫০০কেজি পর্যন্ত | ১৯০০/- | ২১০০/- | ২৩০০/- | ২৫০০/- | ২৭০০/- |
| ৫০০ কেজির অধিক হতে ১০০০ কেজির নিম্ন পর্যন্ত | ২৫০০/- | ২৭০০/- | ২৯০০/- | ৩১০০/- | ৩৩০০/- |
| প্রতি মেঃ টন | ২৮০০/- | ৩০০০/- | ৩২০০/- | ৩৪০০/- | ৩৬০০/- |

বিঃ দ্রঃ

৬.১ মেট্রিক টনের উর্ধ্বের ভগ্নাংশ ওজনকে মেট্রিক টন ভাড়ার হারের সহিত উপরেল্লিখিত ভগ্নাংশ হার যোগ করিতে হইবে।

৬.২ লোডিং চার্জ প্রতি কেজি ১.০০ টাকা এবং আনলোডিং চার্জ প্রতি কেজি ১.০০ টাকা করে এবং নূন্যতম চার্জ প্রতি কনসাইনমেন্ট ১০০.০০ (একশত) টাকা।

চলমান পাতা-৩

৬.৩ হালকা বড় সাইজের মালামালকে Volumatric ওজনের মাপ হিসেবে গণ্য করা হবে।

৬.৪ ট্রেইলার-এর মাধ্যমে পরিবহণকৃত পণ্যের জন্য বাজার দর প্রযোজ্য হবে।

৬.৫ মালামালের লোডিং পয়েন্টকেই Base ধরে দুরত্ব নির্ধারণ করা হবে।

৭। কোন প্রতিষ্ঠানের সিএন্ডএফ কার্যাদি সম্পাদনার্থে কোন সিএন্ডএফ এজেন্ট অফার (লেটার অব ইনটেন্ট) প্রাপ্ত হইলে, উহার ফটোকপি ৩ (তিন) কর্ম দিবসের মধ্যে এসোসিয়েশনে দাখিল করিতে হইবে। টেন্ডারদাতা টেন্ডার নীতিমালা মেনেই নিয়োগদাতার নির্ধারিত সময়ের মধ্যে চুক্তিপত্রে আবদ্ধ হবেন। তবে এই অফার/অনুষ্ঠিত চুক্তিপত্র পরবর্তীতে এসোসিয়েশনের সংশ্লিষ্ট কমিটি কর্তৃক যদি নীতিমালার পরিপন্থি বলিয়া বিবেচিত হয়, সেই ক্ষেত্রে নিয়োগ গ্রহীতা তাহাদের নিয়োগ প্রত্যাহার করিয়া নিতে বাধ্য থাকিবেন এবং এতদ্ক্ষেত্রে তাহাদের যে কোন আর্থিক ক্ষতির জন্য অত্র এসোসিয়েশন দায়ী হইবে না। নির্ধারিত সময়ের মধ্যে 'লেটার অব ইনটেন্ট' এসোসিয়েশনে দাখিল না করিলে সর্বনিম্ন ৫,০০০/- টাকা জরিমানা প্রদান করিতে হইবে। তবে কোন অবস্থাতেই দাখিলের সময়সীমা ৫ (পাঁচ) কর্মদিবস অতিক্রম করিতে পারিবেনা।

৮। ক্রমিক ৭-এ বর্ণিত নীতি অনুযায়ী সম্পাদিত চুক্তিপত্রের স্ব-সত্যায়িত ফটোকপি ৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টকে এসোসিয়েশনে দাখিল করিতে হইবে।

৯। কোন আমদানী/রপ্তানীকারক সিএন্ডএফ এজেন্টের পাওনা বকেয়া রাখিয়া অন্য কোন সিএন্ডএফ এজেন্টকে কাজ প্রদান করিতে পারিবেনা। অন্য কোন সিএন্ডএফ এজেন্টকে নিয়োগ করিতে হইলে পুর্বতন সিএন্ডএফ এজেন্টের পাওনা চুড়ান্তভাবে পরিশোধ করিতে হইবে। প্রয়োজন হইলে পূর্বতন সিএন্ডএফ এজেন্টের নিকট হইতে তাহাদের কোন পাওনা বকেয়া নাই মর্মে অনাপত্তি পত্র গ্রহণ পূর্বক নতুন সিএন্ডএফ এজেন্ট নিয়োগ করিতে হইবে। তবে টেন্ডারের মাধ্যমে কোন সিএন্ডএফ এজেন্ট কোন সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হওয়ার পর উক্ত সংস্থার পূর্বের নিয়োগকৃত সিএন্ডএফ এজেন্টের কোন পাওনা থাকিলে পূর্বতন নিয়োগকৃত সিএন্ডএফ এজেন্টের সহিত উক্ত বকেয়া চুক্তিপত্র মোতাবেক পাওনা আদায়ের বিষয়ে বর্তমানে নিয়োগপ্রাপ্ত সিএন্ডএফ এজেন্ট সার্বিক সহযোগিতা প্রদান করিতে বাধ্য থাকিবেন এবং তাহার নিয়োগের অনধিক ৬ (ছয়) মাসের মধ্যে তাহা চুড়ান্ত করা না হইলে বর্তমানে নিয়োগকৃত সিএন্ডএফ এজেন্ট উক্ত সংস্থার সামগ্রিক সিএন্ডএফ কার্যক্রম বন্ধ রাখিবেন। পাওনা সংক্রান্ত বিষয়ে আমদানী-রপ্তানীকারক ও সিএন্ডএফ এজেন্টের মধ্যে কোন বিরোধ দেখা দিলে প্রয়োজনে এসোসিয়েশনের সালিসি উপ-কমিটির সাহায্যে সিএন্ডএফ এজেন্টের পাওনা পরিশোধ নিশ্চিত করিতে হইবে।

১০। কোন আমদানী/রপ্তানীকারক এসোসিয়েশনের নির্ধারিত নীতিমালা বহির্ভূত ফরমেট / শর্ত আরোপ করিয়া দরপত্র আঁহবান করিলেও কোন সদস্য সিএন্ডএফ এজেন্ট উক্ত দরপত্রের নীতিমালা পরিপন্থী শর্ত মানিয়া দর দাখিল করিতে পারিবেনা। প্রয়োজনে সীল সহি সহকারে সাদা কাগজে কিংবা নিজ নিজ লেটার প্যাডে এসোসিয়েশনের নির্ধারিত কমিশন হার ও নীতিমালা মোতাবেক দর/শর্ত উল্লেখ পূর্বক দরপত্র দাখিল করিতে পারিবেন।

১১। ব্যবসায়িক স্বার্থের কারণে সিএন্ডএফ এজেন্টদের মধ্যে কোন মতপার্থক্য/বিরোধ দেখা দিলে তাহা এসোসিয়েশনের সংশ্লিষ্ট কমিটির মধ্যস্থতায় নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করিতে হইবে এবং কমিটির পরামর্শ ব্যতিরেকে আমদানী/রপ্তানীকারক বা অন্য কোন সংস্থার সহিত এই ব্যাপারে সরাসরি পত্রালাপ করা যাইবেনা।

১২। দরপত্রে যে দর ও শর্ত লিখিত থাকুক না কেন এসোসিয়েশনের কমিশন সংক্রান্ত মূল নীতিমালা মোতাবেক দর ও শর্ত উল্লেখ করিয়া সিএন্ডএফ এজেন্টগণকে টেন্ডারে অংশগ্রহন করিতে হইবে। টেন্ডারে দাখিলকৃত দর ও শর্তের উপরই টেন্ডার উপ-কমিটির সিদ্ধান্ত কার্যকর হইবে। পরবর্তীতে দাখিলকৃত ঐ দর ও শর্ত সংযোজন, বিয়োজন বা সংশোধন করা যাইবেনা। পরবর্তীতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের রি-টেন্ডারেও ঐ টেন্ডারের নীতিমালা ভংগকারী কোন সিএন্ডএফ এজেন্ট অংশগ্রহণ করিতে পারিবেনা।

চলমান পাতা-৪

১৩। সিএন্ডএফ এজেন্টদের সার্বিক স্বার্থ রক্ষার্থে সাধারণ সভার অনুমোদনক্রমে গৃহীত নীতিমালা এসোসিয়েশনের সংবিধানের অংশ হিসেবে সকল সদস্যদের অবশ্যই পালনীয় বিধিমালা রূপে গণ্য হইবে।

১৪। যে সকল সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন কর্তৃক নির্ধারিত নীতিমালা ভঙ্গ করিয়া টেন্ডারে অংশগ্রহণ করিবেন, তাঁদের বিরুদ্ধে এসোসিয়েশনের সংশ্লিষ্ট কমিটির সিদ্ধান্ত কার্যনির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদনের ভিত্তিতে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গৃহীত হইবে।

১৫। কোন প্রতিষ্ঠানের কার্য সম্পাদনের জন্য কোন সিএন্ডএফ এজেন্ট নীতিমালা ভিত্তিক দরে ১ (এক) টার্মের জন্য চুক্তিবদ্ধ হইলে চুক্তির নির্ধারিত মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর সর্বোচ্চ আগের টার্মের একই মেয়াদের জন্য আরও ১ (এক) টার্ম পর্যন্ত কাজ করিতে পারিবেন। তবে বিশেষ প্রয়োজনে নির্ধারিত মেয়াদের পর অতিরিক্ত সর্বোচ্চ ০৬ (ছয়) মাস কার্য সম্পাদন করিতে পারিবেন ।

১৬। টেন্ডার সংক্রান্ত বিষয়ে আহ্বানকৃত সভা/বৈঠক অভিযুক্ত/অভিযোগকারী কোন সিএন্ডএফ এজেন্ট গ্রহণযোগ্য কারণ পূর্বাহ্নে লিখিতভাবে না জানাইয়া অনুপস্থিত থাকিলে প্রতি সভা/বৈঠকে অনুপস্থিতির জন্য সর্বোচ্চ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা পর্যন্ত জরিমানা এসোসিয়েশনকে প্রদান করিতে হইবে।

১৭(ক) কোন সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন কর্তৃক নির্ধারিত নীতিমালা ভঙ্গ বা অমান্য করিয়া কোন টেন্ডারে অংশগ্রহণ করিলে, তাহাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে সর্বনিম্ন ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা পর্যন্ত জরিমানা প্রদান করিতে হইবে।

(খ) নীতিমালা বিরোধী সিএন্ডএফ চুক্তি সই করতঃ কার্য সম্পাদন করিলে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট যতটুকু সিএন্ডএফ কমিশন অর্জন করিবেন সেই পরিমান অর্থ জরিমানা হিসেবে এসোসিয়েশনকে অবশ্যই প্রদান করিতে হইবে। কাজ সম্পাদনের ২ (দুই) মাসের মধ্যে সমুদয় কমিশন এসোসিয়েশন তহবিলে জমা না দিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এসোসিয়েশনের সদস্যপদ নবায়ন স্থগিতসহ সমুদয় কাজ বন্ধ করা যাইবে। প্রাপ্ত জরিমানার ৫০% অর্থ উক্ত টেন্ডারে ক্ষতিগ্রস্থ সিএন্ডএফ সদস্য বা সদস্যদের মধ্যে টেন্ডার কমিটির সিদ্ধান্ত অনুযায়ী কার্যনির্বাহী কমিটির অনুমোদনক্রমে বন্টন করা হইবে।

১৮। টেন্ডারে অংশগ্রহণকারী কোন সিএন্ডএফ এজেন্ট যদি এসোসিয়েশনের বরাবরে অন্য কোন সিএন্ডএফ এজেন্টের বিরুদ্ধে অভিযোগ উত্থাপন করে, তবে তাঁহাকে প্রমান করিতে হইবে যে, তিনি নিজে এসোসিয়েশনের নীতিমালা অনুসরণ করিয়া দরপত্রে অংশগ্রহণ করিয়াছেন। যদি প্রমানিত হয় তিনি নিজেও নীতিমালা ভঙ্গ করিয়া উক্ত টেন্ডারে অংশগ্রহণ করিয়াছেন, তবে তাঁহাকে সর্বনিম্ন ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা অতিরিক্ত জরিমানা প্রদান করিতে হইবে।

১৯। টেন্ডারের বিপরীতে আদায়কৃত জরিমানার টাকা এসোসিয়েশনের তহবিলে গৃহীত সার্ভিস চার্জ হিসেবে গন্য করা হইবে।

২০। নীতিমালা ভঙ্গকারী বলিয়া প্রমানিত হইয়া ১৮নং শর্তে উল্লেখিত সিদ্ধান্ত অমান্য করিলে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্টের এসোসিয়েশনের সদস্যপদ নবায়ন স্থগিতকরণসহ ১ম বার নীতিমালা ভঙ্গের জন্য ২ (দুই) বৎসর, ২য় বার নীতিমালা ভঙ্গের জন্য ৩ (তিন) বৎসর এবং ৩য় বার নীতিমালা ভঙ্গের জন্য সর্বোচ্চ ৫ (পাঁচ) বৎসরের জন্য সরকারী টেন্ডারে অংশগ্রহণ অযোগ্য ঘোষণা করিতে পারিবেন। এই ব্যাপারে টেন্ডার বিষয়ক উপ-কমিটির সিদ্ধান্ত কার্যনির্বাহী কমিটির অনুমোদন পাইলে চুড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

২১। এসোসিয়েশন কর্তৃক নির্ধারিত নীতিমালার ভিত্তিতে কোন ব্যাখ্যা/সিদ্ধান্তের প্রয়োজন হইলে টেন্ডার বিষয়ক উপ-কমিটি কর্তৃক প্রদত্ত ব্যাখ্যা/সিদ্ধান্ত, এসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদ কর্তৃক অনুমোদিত হইলে চুড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

চলমান পাতা-৫

২২। কোন সিএন্ডএফ প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হওয়ার পর উহার সত্যতা যাচাইপূর্বক সিদ্ধান্ত গ্রহণকল্পে দাখিলকৃত দরপত্রের ফটোকপি প্রেরণের জন্য এসোসিয়েশন হইতে পত্র প্রেরণ করা হইলে, সংশ্লিষ্ট সি এন্ডএফ এজেন্টকে তাহা অবশ্যই পত্রে উল্লেখিত সময়ের মধ্যে এসোসিয়েশনে প্রেরণ করিতে হইবে। অন্যথায় তাহাদের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ সত্য বলিয়া ধরিয়া নেওয়া হইবে এবং নীতিমালা অনুযায়ী তাহাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২৩। টেন্ডারে অংশগ্রহণের জন্য Earnest Money (বায়নার টাকা) এবং চুক্তি সম্পাদনের জন্য Security Deposit (জামানত হিসেবে) Bank Guarantee/Pay Order/SDR/Demand Draft/Cash (নগদ)/Saving Certificate প্রদান করা যাইবে।

২৪। সিএন্ডএফ এজেন্টগণ প্রয়োজনে সংশ্লিষ্ট আমদানী/রপ্তানীকারকের পক্ষে বন্দর/কাস্টমস্ /শিপিং এজেন্টে Claim সংক্রান্ত দাবীনামা পেশ করিবেন। উক্ত দাবী আদায় করার দায়-দায়িত্ব কোন অবস্থাতেই সিএন্ডএফ এজেন্টগনের উপর বর্তাইবেনা। তবে দাবী আদায়ের ব্যাপারে সিএন্ডএফ এজেন্ট সকল ধরনের সহযোগিতা করিবেন। দাবী আদায়ের অজুহাতে কোন সংস্থা / প্রতিষ্ঠান কর্তৃক সিএন্ডএফ এজেন্টের জামানত বা অন্য কোন পাওনা কোন অবস্থাতেই পরিশোধে বিলম্ব করিতে পারিবেনা মর্মে টেন্ডারে প্রয়োজনে উল্লেখ করিতে হইবে।

২৫। নীতিমালা ভংগ করিয়া কোন সিএন্ডএফ এজেন্ট কোন প্রতিষ্ঠানের সিএন্ডএফ কাজ করিতে পারিবেনা। তবে জীবন রক্ষাকারী ঔষধ/চিকিৎসা সামগ্রী এবং পঁচনশীল দ্রব্যের কোন চালান বন্দরে অবতরণ করিলে সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট সম্পাদিত চুক্তিপত্র ৭ (সাত) কর্মদিবসের মধ্যে সমর্পণ (Surrender) করিবেন মর্মে ২০০/- (দুইশত) টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদান সাপেক্ষে শুধুমাত্র বন্দরে অবতরনকৃত ঐ একটি চালান বিশেষ বিবেচনায় খালাসের অনুমোদন দেওয়া যাইবে। তবে অনুমতি প্রদানের পূর্বে সিএন্ডএফ এজেন্টকে ঐ চালান খালাসের পর আর কোন চালান খালাস করিবেনা মর্মে জানাইয়া আমদানীকারককে পত্র প্রেরন করিতে হইবে, যাহার কপি এসোসিয়েশনে প্রেরণ করিতে হইবে। পরবর্তীতে সিএন্ডএফ এজেন্টকে সম্পাদিত চুক্তিপত্র ৭ (সাত) কর্ম দিবসের মধ্যে অবশ্যই সমর্পন (Surrender) করিয়া প্রয়োজনীয় প্রমানপত্রসহ এসোসিয়েশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

২৬। অভিযোগকারী সিএন্ডএফ এজেন্টকে তাহার অভিযোগে নীতিমালা ভংগকারী সিএন্ডএফ এজেন্ট কোন কোন ক্ষেত্রে নীতিমালা ভংগ করিয়াছেন তাহা অবশ্যই সুনির্দিষ্টভাবে উল্লেখ করিতে হইবে। নীতিমালা ভংগকারী সিএন্ডএফ এজেন্টের উত্থাপিত অভিযোগ গ্রহণযোগ্য হইবেনা এবং এতদ্ব্যাপারে কোনরূপ কার্যক্রম গ্রহণ করা হইবে না। উত্থাপিত অভিযোগ অবশ্যই সঠিক হইতে হইবে। যদি প্রমানিত হয় তাহাদের উত্থাপিত অভিযোগ সঠিক নয় তাহা হইলে এইরূপ অভিযোগ উত্থাপনের জন্য তাহাদের উপর জরিমানা আরোপ করা যাইবে। অভিযোগকারী প্রতিষ্ঠানকে অভিযোগ পত্রের সহিত তাহাদের দাখিলকৃত দরপত্রের ফটোকপি এসোসিয়েশনে দাখিল করিতে হইবে, যাহাতে তাহাদের দরপত্রের সঠিকতা তাৎক্ষণিকভাবে যাচাই করা যায়।

২৭। টেন্ডার আহবানকারী কর্তৃপক্ষ টেন্ডার নীতিমালার পরিপন্থি এবং কোন অবাস্তব, অযৌক্তিক ও আওতাবহির্ভূত শর্ত আরোপ করিলে এসোসিয়েশন এর টেন্ডার নীতিমালা অনুযায়ী সিএন্ডএফ এজেন্টগণ অংশগ্রহণ করিতে পারিবেন। তবে সংশ্লিষ্ট শর্ত প্রত্যাহার করার জন্য সংশ্লিষ্ট সংস্থাকে এসোসিয়েশন কর্তৃক অনুরোধ জানানো হইবে।

২৮। এই নীতিমালা প্রনয়নের তারিখ হইতে কার্যকর হিসেবে পরিগণিত হইবে। তবে এই নীতিমালা প্রনয়নের তারিখের পূর্বে কোন সিএন্ডএফ এজেন্ট কোন সংস্থায় টেন্ডার নীতিমালা বিরোধী চুক্তিবদ্ধ থাকিলে ঐ সিএন্ডএফ এজেন্ট চুক্তির মেয়াদ শেষ হওয়ার পর চুক্তি নবায়ন করিতে পারিবে না।

**(মোঃ মিজানুর রহমান)**
সাধারণ সম্পাদক
ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন